দৈনিক আমাদের সময়

তারিখ ১০ MAY 2016
পৃষ্ঠা ১২ কলাম ৪

মানববন্ধনে রাবি উপাচার্য

# বিশ্ববিদ্যালয়কে বাঁচাতে রেজাউল হত্যার বিচার করতে হবে

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ● রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহম্মদ মিজানউদ্দিন বলেছেন, আমাদের পিঠ দেয়াল ঠেকে গেছে। একের পর এক হত্যা, শিক্ষক-শিক্ষার্থীদের হুমকি দেওয়া হচ্ছে। তাই বিশ্ববিদ্যালয়কে বাঁচাতে হলে অধ্যাপক রেজাউল হত্যার বিচার করে দৃষ্টান্ত স্থাপন করতে হবে।

গতকাল সকাল ১০টায় সিনেট ভবনের সামনে ইংরেজি বিভাগের অধ্যাপক এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

## বিশ্ববিদ্যালয়কে বাঁচাতে

(শেষ পৃষ্ঠার পর) ড. এএফএম রেজাউল করিম সিদ্দিকী হত্যার বিচার দাবিতে রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আয়োজিত মানববন্ধনে তিনি এ কথা বলেন।

উপাচার্য বলেন, আমাদের বিচারহীনতা ও ভয়ের সংস্কৃতির বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। যৌক্তিক পরিণতি দেখা না পর্যন্ত আমাদের আন্দোলন থামবে না– এটা বিশ্ববিদ্যালয় পরিবারের বক্তব্য।

মানববন্ধনে উপ-উপাচার্য অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান বলেন, শিক্ষক হত্যাকাণ্ডগুলো বিশ্ববিদ্যালয়ে একটা আতঙ্কের পরিবেশ তৈরি করেছে। বিশ্ববিদ্যালয় পরিবারে এমন আতঙ্ক বন্ধ করতে না পারলে আরও অনেক শিক্ষককে প্রাণ দিতে হবে। এটা কাম্য নয়। আমরা যেখানে জ্ঞানচর্চা করি, মুক্তবুদ্ধির চর্চা করি, সংস্কৃতির চর্চা করি, সেখানে যদি ভয় ঢুকে যায় তাহলে এসব চর্চা বাধাগ্রস্ত হবে। তাই জ্ঞানচর্চার পরিবেশ ফিরিয়ে দিতে সরকারের প্রতি আহ্বান জানাচ্ছি।

আধা ঘণ্টাব্যাপী চলা এ মানববন্ধনে ইংরেজি বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা ব্যানার নিয়ে একাত্মতা ঘোষণা করে। মানববন্ধনে আরও বক্তব্য দেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুল্লাহ্, আইন বিভাগের অধ্যাপক হাসিবুল আলম প্রধান ও বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মানিকুল ইসলাম প্রমুখ। পরে একটি মৌন মিছিল বের করেন ইংরেজি বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। এটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে শহীদুল্লাহ্ কলা ভবনের সামনে 'মুকুল প্রতিবাদ ও সংহতি মঞ্চে' (অধ্যাপক রেজাউলের ডাক নাম মুকুল) গিয়ে সমাবেশ করে। সেখানে বক্তব্য রাখেন বিভাগের সভাপতি মাসউদ আখতার ও বিভাগের শিক্ষার্থী ভাষা।